**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৯৩

তারিখ: ০২ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ৯৮৮তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৮৮তম কমিশন সভা অদ্য ১৭/১২/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

**১।** অদ্য কমিশন সভায় স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকার কর্তৃক কমিশনের নিকট দাখিলকৃত বোর্ড অনুমোদিত নেগেটিভ ইক্যুইটি ও আনরিয়েলাইজড লসের প্রভিশন সংরক্ষণ ও সমন্বয় সংক্রান্ত অ্যাকশন প্ল্যান বিবেচনাপূর্বক নিম্নের ছকের স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারদের নেগেটিভ ইক্যুইটি ও আনরিয়েলাইজড লস এর বিপরীতে প্রভিশন সংরক্ষণ ও সমন্বয় করার সময়সীমা বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রমিক নম্বর | প্রতিষ্ঠানের নাম |
|---|---|
| ১ | Shyamol Equity Management Ltd. |
| ২ | Synthia Securities Ltd. |
| ৩ | Mika Securities Limited |
| ৪ | Eminent Securities Ltd. |
| ৫ | Meghna Life Securities and Investment Ltd. |
| ৬ | BDBL Securities Limited |
| ৭ | SIM Capital Limited |

উল্লেখ্য, উপর্যুক্ত স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকাদের নেগেটিভ ইকুইটি ও আনরিয়েলাইজড লস এর প্রভিশন ও সমন্বয়ের সময়সীমা কমিশনের আদেশ (বিএসইসি/এসএমএমআইডি/এনই/এপি/২০২৫/১০৮/৬২৯; তারিখ ১৩ নভেম্বর ২০২৫) পরিপালন সাপেক্ষে বর্ধিত করার সিদ্ধান্ত হয়েছে যার মধ্যে উল্লেখ্যযোগ্য হলো নেগেটিভ ইক্যুইটি ও আনরিয়েলাইজড লস এর বিপরীতে বর্ধিত সময়কালে প্রভিশন সংরক্ষণ ও সমন্বয়ের ক্ষেত্রে স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারের নিট সম্পদ(net worth) এর ঘাটতি সংক্রান্ত বিধান পরিপালনে সাময়িক শিথিলতা থাকবে। এতদসংক্রান্ত কমিশনের আদেশটি কমিশনের ওয়েবসাইটের 'Securities Laws' মেনুর 'Securities Laws, Rules, Regulations' সাব মেনুতে পাওয়া যাবে।

এছাড়াও, যেসকল স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকার এখনও বোর্ড অনুমোদিত অ্যাকশন প্ল্যান কমিশনে জমা দেয়নি, তাদেরকে অবশ্যই ৩১/১২/২০২৫ তারিখের মধ্যে বোর্ড অনুমোদিত অ্যাকশন প্ল্যান কমিশনে দাখিল করতে হবে এবং অন্যথায় তাদের পূর্ণ প্রভিশন সংরক্ষণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**২।** কমিশন অদ্যকার সভায়, Eastern Bank PLC এর ৮০০ (আটশত) কোটি টাকা মূল্যের Unsecured, Non-convertible, Fully Redeemable, Floating Rate, Coupon bearing Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে যার Coupon Rate হবে Reference Rate + 3% Coupon Margin। এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে কর্পোরেট প্রতিষ্ঠানসমূহ, উচ্চ সম্পদশালী ব্যক্তি, স্থানীয় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ এবং বীমা কোম্পানিসমূহদের নিকট ইস্যু করা হবে । এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Eastern Bank PLC এর Tier-II Capital Base Under Basel III শক্তিশালী করা হবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করবে DBH Finance PLC. এবং Arranger হিসাবে কাজ করবে EBL Investment Limited। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১৭/১২/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র